ভোরের কাগজ

তারিখ ... MAR. 1 1999
পৃষ্ঠা 2 কলাম ৬

526

ঢা. বি. ক্যাম্পাসে নতুন ভাস্কর্য

# 'স্বাধীনতার সংগ্রাম' উন্মোচিত হবে ৭ মার্চ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৭ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'স্বাধীনতার সংগ্রাম' নামে একটি ভাস্কর্য উদ্বোধন করবেন। জগন্নাথ হল ও সলিমুল্লাহ হলের মাঝের সড়কদ্বীপে স্থাপিত ভাস্কর্যটি নির্মাণ করছেন ভাস্কর শামীম সিকদার।

চারুকলা ইনস্টিটিউটের অধ্যাপক শামীম সিকদার ১৯৮৯ সালে উদয়ন স্কুলের প্রাশের চত্বরে ভাস্কর্যটির নির্মাণ কাজ শুরু করেন। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের প্রত্যক্ষ সহযোগিতায় তিনি ভাস্কর্যটি সড়কদ্বীপে স্থানান্তর করেন। বর্তমানে এর কাজ শেষ পর্যায়ে। বায়ান্নর ভাষা আন্দোলন থেকে স্বাধীনতা সংগ্রাম পর্যন্ত সকল আন্দোলনের ইতিহাস এ ভাস্কর্যে বিধৃত করা হচ্ছে।

গতকাল রোববার উপাচার্য এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় ভাস্কর্যটি বিশ্ববিদ্যালয়ের কাছে হস্তান্তর করায় অধ্যাপক শামীম সিকদারকে ধন্যবাদ জানানো হয়। এ ছাড়া ভাস্কর্য উন্মোচনের দিন দুপুর ১২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সমস্ত ক্লাস বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়।